# NYC-তে গাঁজা: আপনার অধিকার জানুন

**গাঁজা (মারিজুয়ানা) নিউ ইয়র্ক স্টেট (New York State, NYS) -এ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য বৈধ।**



**3 আউন্স 24 গ্রাম**

**21 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্করা 3 আউন্স গাঁজার ফুল বা কুঁড়ি বা 24 গ্রাম পর্যন্ত ঘনীভূত গাঁজা যেমন তেল বা ভেপ রাখতে পারেন এবং শেয়ার করতে পারেন (কিন্তু বিক্রি করতে পারেন না)।**




21 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্করা বেশিরভাগ সেই জায়গায় ধূমপান করতে পারেন বা গাঁজা সেবন করতে পারেন যেখানে তামাক ধূমপানের অনুমতি রয়েছে।



নিউ ইয়র্কের চিকিৎসা সংক্রান্ত গাঁজার প্রোগ্রাম সম্প্রসারিত হয়েছে। পরিবর্তনগুলি সম্পর্কে তথ্যের জন্য **cannabis.ny.gov/medical-cannabis**-এ যান।




**গাঁজা বিক্রি শুধুমাত্র NYS-লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারিগুলিতে অনুমোদিত। ডিসপেনসারির অবস্থানগুলি সহ আইনিভাবে গাঁজা কেনা সম্পর্কে আপ-টু-ডেট তথ্যের জন্য, cannabis.ny.gov/adult-use-এ যান।**

## চাকরি

- নিয়োগকর্তারা কর্মক্ষেত্রের বাইরে আইনিভাবে গাঁজা ব্যবহার করার জন্য মানুষের বিরুদ্ধে পদক্ষেপ নিতে পারেন না। নিয়োগকর্তারা এমন নীতি তৈরি করতে এবং প্রয়োগ করতে পারেন যা কর্মক্ষেত্রে নেশা বা ব্যবহার নিষিদ্ধ করে। আপনার নিয়োগকর্তাকে তাদের নির্দিষ্ট গাঁজা সংক্রান্ত নীতিগুলির জন্য জিজ্ঞাসা করুন।



- নিয়োগকর্তারা এমন ব্যক্তিদের নিতে বিরুদ্ধে পদক্ষেপ পারেন যারা কর্মক্ষেত্রে গাঁজা সেবন করেন বা ব্যবহার করেন।
  - আরও তথ্যের জন্য, **dol.ny.gov**-এ যান এবং **"workplace cannabis"** (কর্মক্ষেত্রে গাঁজা) অনুসন্ধান করুন।
- NYC স্থানীয় আইন গাঁজা ব্যবহারের জন্য প্রাক-নিয়োগের পরীক্ষা নিষিদ্ধ করে।
  - আরো তথ্যের জন্য, **nyc.gov/dcas** এ যান এবং **"cannabis testing"** (গাঁজা পরীক্ষা করা) লিখে অনুসন্ধান করুন।

## শিশু কল্যাণ

- গাঁজার আইনগত দখল বা ব্যবহার শিশুর হেফাজত বা পরিদর্শন অস্বীকার করার কারণ হিসাবে ব্যবহার করা যাবে না।
- বাড়িতে শিশু বা তরুণদের সাথে বসবাসকারী যে কাউকে তাদের গাঁজা এবং গাঁজাজাতীয় পণ্যগুলি শিশু এবং তরুণদের দৃষ্টি ও নাগালের বাইরে নিরাপদে সংরক্ষণ করতে হবে।



## আবাসন


- গাঁজা ব্যবহারের কারণে বেসরকারি বাড়িওয়ালারা আবাসন অস্বীকার করতে পারেন না।
- বেসরকারি ভবনের নীতিগুলি বাড়ির ভিতরে ধূমপান এবং ভেপিং সীমিত বা নিষিদ্ধ করতে পারে। আপনার লিজ বা ভবনের নিয়মগুলি দেখুন।



- NYCHA হাউজিং ডেভেলপমেন্টগুলিতে ধূমপান-মুক্ত নীতি রয়েছে যা ভূসম্পত্তিতে তামাক ও গাঁজা নিয়ে ধূমপান এবং ভেপিং নিষিদ্ধ করে। সরকারি আবাসন যা একটি ফেডারেল প্রোগ্রামের অংশ তা ফেডারেল আইনের অধীনে পড়ে যা গাঁজা এবং গাঁজাজাতীয় পণ্যের দখল ও ব্যবহারকে নিষিদ্ধ করে।

## সেকেন্ডহ্যান্ড স্মোক এক্সপোজার

- ধূমপান এবং গাঁজা সহ যে কোনও পণ্য ভেপ করা, ভবনগুলির সর্বজনীন এলাকায় এবং বেশিরভাগ কর্মক্ষেত্রে অনুমোদিত নয়। অন্যান্য এলাকাগুলি যেখানে ধূমপান এবং ভেপিং অনুমোদিত নয় তার মধ্যে রয়েছে রেস্তোরাঁ, বার এবং পার্ক এবং সৈকতের মতো পাবলিক স্পেসগুলি কিন্তু এতে সীমিত নয়।



- ধোঁয়াহীন বায়ুর আইনগুলি সম্পর্কে আরও জানতে, **nyc.gov/health/tobaccocontrol**-এ যান।
- ধূমপানের লঙ্ঘন সম্পর্কে অভিযোগ দায়ের করতে, **311** নম্বরে কল করুন বা **portal.311.nyc.gov**-এ যান এবং **"smoking complaint"** (ধূমপানের অভিযোগ) অনুসন্ধান করুন।

## অপরাধমূলক আইনি ব্যবস্থা



- অতীতের গাঁজা সংক্রান্ত অপরাধ যা নতুন আইনের অধীনে আর বেআইনি নয় সেগুলি লোকেদের রেকর্ড থেকে বাদ দেওয়া হবে (মুছে ফেলা হবে)।
  - এই প্রক্রিয়াটি স্বয়ংক্রিয়, তাই রেকর্ড সহ ব্যক্তির দ্বারা কোনও পদক্ষেপের প্রয়োজন নেই।
  - রেকর্ডগুলি অপসারণ (মুছে ফেলা) হতে দুই বছর পর্যন্ত সময় লাগতে পারে।
- নতুন আইনটি গাঁজার গন্ধের উপর ভিত্তি করে একটি গাড়ির অনুসন্ধানকে সীমাবদ্ধ করে যেখানে একজন গাড়ির চালক সহজেই পৌঁছাতে পারেন।
- নতুন আইনের অধীনে, একজন ব্যক্তির গাঁজার আইনী ব্যবহার রাজ্যের বা স্থানীয় প্যারোল বা প্রবেশন সংক্রান্ত সিদ্ধান্তে বিবেচনা করা যাবে না।
- নতুন আইনের অধীনে পরিবর্তিত গাঁজা সংক্রান্ত অপরাধের জন্য লোকেরা আদালতের সাহাজয্যে তাদের বর্তমান সাজা কমাতে সক্ষম হতে পারেন।
  - মামলাটি প্রয়োজনীয় আইনি যোগ্যতা পূরণ করলে আদালত বর্তমান সাজা কমাতে পারে।
  - অপসারণের (নতুন আইনের কারণে লোকেদের রেকর্ড থেকে অপরাধ অপসারণ করা) বিপরীতে, পুনরায় সাজা দেওয়া (নতুন আইনের কারণে একটি সাজা সামঞ্জস্য করা) স্বয়ংক্রিয় নয়। পুনরায় সাজা দেওয়ার জন্য একজন আইনজীবীকে আদালতে নালিশ দায়ের করতে হয়।

## অভিবাসন

- ফেডারেল আইনের অধীনে গাঁজা এখনও অবৈধ। গাঁজা সংক্রান্ত আইন লঙ্ঘন এখনও গুরুতর অভিবাসন সম্পর্কিত সমস্যা সৃষ্টি করতে পারে।
- আরও তথ্যের জন্য, অভিবাসন সংক্রান্ত আইনি পরিষেবাগুলি সন্ধান করুন। তথ্য পেতে এবং সহায়কের সাথে সংযুক্ত হতে, শহর দ্বারা অর্থায়নকৃত, বিনামূল্যে এবং নিরাপদ ActionNYC হটলাইনে 800-354-0365 নম্বরে কল করুন বা **311** নম্বরে কল করুন এবং "ActionNYC" বলুন সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টা, সোমবার থেকে শুক্রবার পর্যন্ত।

বিনামূল্যে আইনি সহায়তার জন্য, Legal Action Center (আইনি কর্ম কেন্দ্র) (212-243-1313), Legal Aid Society (আইনি সহায়তার সমিতি) (212-577-3300), Legal Services (আইনি পরিষেবাগুলি) NYC (917-661-4500) বা New York Lawyers for the Public Interest (জনস্বার্থে নিউ ইয়র্কের আইনজীবীদের)-এর সাথে যোগাযোগ করুন (212-244-4664)। আরো তথ্যের জন্য, **311** নম্বরে কল করুন।

আরো তথ্যের জন্য, **nyc.gov/health/cannabis**-এ দেখুন।